

## কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর

রচয়িতা/সঞ্চলকঃ ইসলামহাউজ.কম

৫ যখন কোনো মুকীম কোনো মুসাফিরের পিছনে সালাত আদায় করবে তখন সে কী করবে?

তার উপর কর্তব্য হচ্ছে সে সালাত পরিপূর্ণরূপে আদায় করা। সুতরাং যখন মুসাফির ইমাম দু' রাকা'আত আদায় করে সালাম ফিরাবে তখন মুকীমের উপর আবশ্যক হচ্ছে বাকী দু' রাকা'আত নিজে আদায় করা; যাতে সে তার সালাতকে চার রাকা'আত বিশিষ্ট করতে পারে।

এখানে একটি নিয়মনীতি জানা দরকার তা হচ্ছে, মুক্তাদী সর্বাবস্থায় তার ইমামের সাথে পূর্ণ সালাত আদায় করবে। তাই

- যদি ইমাম মুকীম হয় আর মুক্তাদীও মুকীম হয় তবে মুক্তাদীর উপর সালাত পূর্ণরূপ আদায় করা ওয়াজিব।
- যদি ইমাম মুকীম হয় আর মুক্তাদী মুসাফির হয়, তবে মুক্তাদীর উপর সালাত পূর্ণরূপ আদায় করা ওয়াজিব।
- যদি ইমাম মুসাফির হয় আর মুক্তাদী হয় মুকীম, তবে মুক্তাদীর উপর ওয়াজিব হচ্ছে পূর্ণ সালাত আদায় করা।

তবে এক অবস্থা এর ব্যতিক্রম, তা হচ্ছে, যদি ইমাম মুসাফির হয় আর মুক্তাদীও মুসাফির হয় আর তারা উভয়ে কসর করতে চান, তখন মুক্তাদী কসর করবেন।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=7302>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন